[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনদিনব্যাপী এই উন্নয়ন মেলার সমাপনী দিনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১ম স্থান অধিকার করেছে হাউলী ইউনিয়ন পরিষদ, ২য় স্থান অধিকার করেছে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ ও ৩য় স্থান উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ সহ সকল ইউপি সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি প্রমুখ।